


# **HORIZON**

**MULTIDISCIPLINARY RESEARCH JOURNAL**

# **HORIZON**



**VOLUME 1, ISSUE 1**  
**APRIL 2021**

## About the Journal

---

**HORIZON – Multidisciplinary Research Journal** is a peer reviewed journal . This journal is published bi-annually by the Principal, Shibpur Dinobundhoo Institution (College), Shibpur, Howrah, West Bengal, India, 711102.

**HORIZON** publishes high quality original research papers National/International relevance on different branches of arts, commerce and science. To publish in this journal a paper must be of real merit that represents a clear and insightful exposition of significant aspects of contemporary research in any academic disciplines.

## Editorial Board

---

**EDITOR-IN-CHIEF:** Dr. Manideep Chandra; Principal, Shibpur Dinobundhoo Institution (College)

**ASSOCIATE EDITORS:** Dr. Anandarup Biswas, Dr. Abdul Kayum Jafry, Dr. Aparna Majumdar, Dr. Debi Banerjee, Dr. Irshad Alam, Dr. Phalguni Bhattacharya, Dr. Pintu Sarkar, Dr. Satya Prakash Tiwari, Dr. Subhendu Mazumdar, Dr. Suprakash Sarkar, Dr. Tilak Sanyal.

## Editorial Policy:

---

All manuscripts submitted to **HORIZON** are initially scrutinized by the Editorial Board and if found suitable will be sent for **blind peer review**. The manuscript must be an original work that has neither appeared in, nor is under review by another journal. The manuscript will be reviewed by two independent referees to be decided by the Editorial Board. The journal follows double-blind peer review process where the identities of the authors and reviewers are kept undisclosed to either of the parties. **The authors should ensure that their works are entirely original and free from any kind of plagiarism.**

Acceptance of the submitted manuscripts are mainly based on the quality and originality of the content. The final decision regarding acceptance or rejection of a manuscript is taken by the Editorial Board, based on the comments of the reviewers. The author(s) will have to agree that the copyright of the article will be transferred to the publisher by filling up a Form after the article is accepted and before publication.

## Call for Papers


**HORIZON - Multidisciplinary Research Journal** is targeted to a large audience including students and young researchers of diverse disciplines.

Authors are cordially invited to contribute their original research papers. While preparing and submitting your article, please follow the instructions given in the 'Guide to Authors' (<http://sdbic.ac.in/journal.php>)

## **THANK YOU TO THE REVIEWERS**

The Editor-in-Chief and the Associate Editors of this journal would like to thank the following Reviewers for devoting time in reviewing the manuscripts and enriching them with their constructive inputs:

- ❖ **Dr. Tapas Kumar Ghosh**, Associate Professor, Department of Physics, Diamond Harbour Women's University
- ❖ **Dr. Tarun Kumar Mukhopadhyay**, Professor (Retired), Department of Bengali, University of Calcutta
- ❖ **Dr. Pranam Dhar**, Professor and Head, Department of Commerce and Management, West Bengal State University; Desk Editor, Inderscience Group of Journals (Scopus-indexed), All-India General Secretary, Indian Academic Researchers' Association (IARA)
- ❖ **Dr. Debnirmalya Gangopadhyay**, Assistant Professor & University Nodal Officer for AISHE, Department of Sericulture (*Centre for Applied Biology*), Raiganj University
- ❖ **Dr. Himanshu Kumar**, Assistant Professor, Department of Hindi, Kalyani University
- ❖ **Dr. Pinaki Das**, Associate Professor and Head, Department of Economics, Vidyasagar University
- ❖ **Dr. Sobhanlal Datta Gupta**, Former S.N. Banerjee Professor, Department of Political Science, University of Calcutta



**Horizon: Multidisciplinary Research Journal of SDBI(C)**

Volume: 1; Issue: 1, Published: April 2021

Published by: Principal, Shibpur Dinobundhoo Institution (College)

© Shibpur Dinobundhoo Institution (College)

Cover Design: Dr. Subhendu Mazumdar, Shibpur Dinobundhoo Institution (College)



## **CONTENT**

**Laser and its applications-a review**

Avijit Datta

1 – 6

**সন্ত কবি কবীর ও বাউল কবি লালন ফকির : তুলনাত্মক অধ্যয়ন**  
হুসনে বানু

7 – 19

**Ecological and Cultural Footprints – Recognition, Measurement and Quantification**

Manideep Chandra

20 – 35

**Waste water contamination in River Ganges at Farakka and its effect on morpho – biomolecular system of selected edible plant species**

Sanat Kumar Das, Suchisree Jha, Phalguni Bhattacharyya, Tania Chakraborty Ghatak and Amitava Ghosh

36 – 46

**यशपाल की कहानियों में व्यक्त सांस्कृतिक चेतना**

सत्य प्रकाश तिवारी

47 – 49

**A Note on Private Contribution towards Multiple Public Goods**

Tilak Sanyal

50 – 55



## **Laser and its applications-a review**

Avijit Datta ✉

*Department of Physics, Shibpur Dinobundhoo Institution (College), Shibpur, Howrah -711102*

Email: [avijit\\_datta@yahoo.com](mailto:avijit_datta@yahoo.com)

### **Abstract:**

Albert Einstein had described the theory of stimulated emission as early as 1917, but it would take three decades before engineers began to utilize this principle only after the invention of laser. Laser is used in communication, industry, medicine and environmental care and research. Laser has become one of the most powerful tools for scientists in physics, chemistry, biology and medicine throughout the world. One area that is considered to be very interesting is in the different methods to cool and capture atoms by using laser. We don't know yet what this knowledge and technology will be used for in the future, but we do know that future applications will be based on today's research in laser physics. Along with different applications of femto-second laser pulses, the recent discovery of atto-second laser pulses opens up new doors in laser technology. We have discussed some up-to-date developments in laser science and technology.

**Key words:** stimulated emission, principle of laser action, laser physics, laser cooling, laser comb, BEC, molecular dynamics, atto-second laser pulse.

### **Introduction:**

If a sample absorbs some radiation, the sample can lose its excess energy by thermal collision or by re-emission of radiation. The second process leads to the very important topic of laser radiation. In this article, we have discussed the basic principles of the production of laser in detail. We also have discussed the special properties of laser which leads to different useful applications for the betterment of mankind. We have highlighted the important milestones in the development of laser technologies and important applications. We have mentioned 8(eight) Nobel Prizes [1-8] which are directly related to laser physics until 2018. Femto-second and nano-second laser-pulses give us lots of important applications in laser-induced molecular dynamics [6, 9-11]. We have also discussed about recent invention of attosecond laser pulses [12-14], which provides us new technologies to study dynamics of atomic electrons [15] and other sub-atomic particles.

### **Laser and Basic Principles:**

#### **What is Laser?**

**LASER** stands for **L**ight **A**mplification by **S**timulated **E**mission of **R**adiation. Almost all of us probably know that the police use laser to measure the speed of speeding cars. At least car drivers who exceeded the speed limit know about it, but how many know that we also use laser several times during an



ordinary day? We will find it in CD players, laser printers and much, much more. We often find laser in action movies where the hero has to escape the laser beams when he's trying to solve a thrilling problem. The power of a laser is both fascinating and frightening.

### **How Does Laser Light Differ from Other Light?**


Light is an electromagnetic wave which has brightness and color and vibrates at a certain angle, so-called polarization. Laser light is more parallel than any other light source. Every part of the laser has (almost) the exact same direction and therefore almost do not diverge. Using a standard laser, an object at a distance of 1 km (0.6 mile) can be illuminated with a dot about 60 mm (2.3 inches) in radius. As it is parallel and it can be focused to very small diameters where the concentration of light energy becomes so high that you can cut, drill or turn with the beam. It can also illuminate and examine very tiny details. This property is being used in surgical appliances and in CD players. Laser light is very monochromatic, i.e., just one light wavelength is present. Ordinary light is not monochromatic. White light contains all the colors in the spectrum, even a colored light, as for example, a red light-emitting-diode (i.e., LED) contains a continuous interval of red wavelengths. On the other hand, laser emissions are not usually very strong when we measure the energy content. A very powerful laser of the kind that is used in a laser show does not have more energy than an ordinary streetlight. The difference is in how parallel it is.

### **Stimulated Emission**



Normally, atoms and molecules emit light naturally at more or less random times and in random directions and phases. All light sources, such as bulbs, candles, neon tubes and even the sun emit light in this way. Light is ordinarily emitted from the atoms or molecules that meet with two conditions: (i) they have stored energy originating from heat or previous absorption of light and (ii) some time has passed since the energy was stored. Now, if, energy is stored in the atoms or molecules and a photon of correct wavelength passes close-by, something else may happen. The atom or molecule emits light that is totally synchronous with the passing light. **Albert Einstein** predicted this way of emission of light early in the 1900s. This means that the passing light should be amplified. It can amplify a passing beam, provided three conditions are met: (i) energy is stored in the atom or molecule (same as above), (ii) light passes close enough to the atom or molecule before the atom or molecule emitted the light in the random fashion described above and (iii) the passing light has a suitable wavelength for the atom or molecule. The process is called stimulated emission (Fig.1). This stimulated emission, together with the feedback in a resonant cavity between two mirrors (Fig.2), forms the conditions for the production of laser.

### **Production of different Lasers and applications:**

**Nicolay Basov, Charlie Townes and Aleksandr Prokhorov** shared the Nobel Prize [1-3] in physics in 1964 for their work which led to the successful construction of practical lasers. They founded the theory of lasers and studied how it could be built practically, originating from a similar appliance for microwaves called the MASER (Microwave Amplification by Stimulated Emission of Radiation) that was introduced during the '50s (which has not been so popular as laser).




However, the first functioning laser was built by **Maiman** [4] in 1960. This work resulted in a big and rather clumsy lasers built in the beginning of the '60s. Still, their theory for the laser describes fundamentally all lasers. Ruby lasers have historical importance because they were the first successful lasers. Ruby consists of  $\text{Cr}^{3+}$  ions doped into crystalline  $\text{Al}_2\text{O}_3$  at a concentration of around 0.05% by weight. The host crystal,  $\text{Al}_2\text{O}_3$ , has no colour. The light is emitted by transitions of the  $\text{Cr}^{3+}$  impurities. Ruby is a **three-level laser** and the level diagram is shown below in Fig.3a. Ruby has strong absorption bands in the blue and green spectral regions. Electrons are excited to these bands by a powerful flash lamp. These electrons relax rapidly to the upper laser level by non-radiative transitions in which phonons are emitted. This leads to an increased population in the upper laser level. If the flash lamp is powerful enough, it will be possible to pump more than half of the atoms or molecules from the ground state (level 0) to the upper laser level (level 2). In this case, there will be population inversion between level 2 and level 0, and lasing action can occur if a suitable cavity is provided. The laser emission is of red colour at 694.3nm for Ruby lasers (the red colour: *ruber* means “red” in Latin). The diagram (Fig.3b) shows a typical arrangement for the construction of a ruby laser. The crystal is inserted inside a powerful flash lamp. We should cool the system by water-cooling arrangement to prevent damage to the crystal by the intense heat generated by the lamp. Mirrors at either end of the crystal fix the resonant cavity. Reflective coatings can be applied directly to the end of the rod (as shown in Fig.3b), or external mirrors can be used. The lamps are usually driven in pulsed mode by discharge from a series of capacitors. The laser pulse energy can be as high as 100 J per pulse. This is due to the fact that the upper laser level has long lifetime ( $\sim 3$  ms) to store a lot of energy and thus capable of producing population inversion. In this condition, a suitable resonant cavity, produced by two mirrors as shown in the figure Fig.3b, helps us to have production of laser.



**Gabor** received the Nobel Prize in physics in 1971, having founded the basic ideas of the holographic method, which is indeed famous and spectacular application of laser technology. Initially, it was "just" a method of creating 3-D pictures. Subsequently, it has become a useful tool for the observation of moving objects. Much of what we know today about how musical instruments produce their tunes is due to the use of holograms. **Bloembergen** and **Schawlow** [5] received the Nobel Prize in physics in 1981 for their research to the development of laser spectroscopy. One typical application of this is nonlinear optics which means methods of influencing one light beam with another and permanently joining several laser beams (not just mixing them - compare the difference between mixing two substances and making them chemically react with one another). These phenomena mean that a light beam can in principle be steered by another light beam. If in the future someone intends to build an optical computer (that could be much faster and much more efficient in storing data- on which research is going on recently.), it would have to be based on a nonlinear optics. When using optical fibers, for example in broadband applications, several of the switches and amplifiers that are used require nonlinear optical effects. **Steven Chu, Claude Cohen-Tannoudji and William D. Phillips** [8] got the Nobel Prize in physics in 1997 for their developments of methods to cool and trap atoms with laser light which is a method for inducing atoms to relinquish their heat energy to laser light and thus reach lower and lower temperatures. When their temperature sinks very close to absolute zero, atoms form aggregates (Bose-Einstein condensation) in a way that reveals some of the innermost aspects of nature. This is the important application of laser cooling. After this discovery, very soon other scientists started to further develop closely related areas using this technique. When the laser was discovered in 1960, no one, except for a small group of physicists, knew anything about its applications. Laser technology was a solution looking for its problem.





**Fig.4: Semiconductor Laser**

**Alferov** and **Kroemer** were given the Nobel Prize in physics in **2000** for their remarkable discoveries within the field of semiconductor physics (Fig.4). Their research leads to the development of semiconductor lasers. These are the kind of miniature lasers that today have become the cheapest, lightest and smallest.

This has become not only the basis for so many cheap and portable appliances, but also the foundation of optical information networks. The principle of operations of the CD player, laser writer, laser pointer and the barcode reader used by a cashier at a supermarket are all based on this discovery. **John Hall and Theodor Hänsch** received the Nobel Prize in physics in 2005 for “their contributions to the development of laser-based precision spectroscopy, including the optical frequency comb technique”. The application of lasers to probe molecular dynamics was highly developed by **Ahmad Zewail** more than 20 years ago and was recognized by the award of Nobel Prize [6,7] in chemistry in 1999. The Nobel Prize in Physics for the year 2018 was for ground-breaking inventions in the field of laser physics. In this year, **Arthur Ashkin** was recognized for “the optical tweezers and their application to biological systems”, while **G. Mourou** and **Donna Strickland** were recognized “for their method of generating high-intensity, ultra-short optical pulses” [8]. Lots of active research works are going on laser assisted chemical reactions and laser-matter [7] interaction dynamics. Atto-second pulses were produced in the year 2001 as a train of atto-second pulses from high harmonic generation [12-14]. Atto-second science arises from fundamental research into intense ultrashort-pulse atomic physics. This opened the door to real-time observation and time-domain control of atomic-scale electron dynamics [15].

### Conclusions:

We have discussed the basic principles of inventions of different types of laser. We discussed different applications of lasers. We mentioned all the mile-stone inventions involving productions and applications of lasers which were recognized by the Nobel Prizes in Physics or Chemistry. Laser-atom atomic dynamics or laser-molecule molecular dynamics [7,9-11] are of extreme practical importance. Promotion from femto-second laser pulses [6,7] to atto-second science [12-15] is a revolution in technology. It integrates optical and collision science, greatly extending the reach of each. This is going to influence chemistry, biology and future technologies for mankind.

**References:**

1. J. P. Gordon, H. J. Zeiger and C. H. Townes, "Molecular microwave oscillator and new hyperfine structure in the microwave spectrum of  $\text{NH}_3$ ", Phys. Rev. **95**, 282 (1954).
2. K. Shimoda, T. C. Wang and C. H. Townes, "Further aspects of the theory of the maser", Phys. Rev. **102**, 1308 (1956).
3. N. G. Basov *et al.*, "Generation, amplification and detection of infrared and optical radiation by quantum-mechanical systems", Sov. Phys. Usp. **3**, 702 (1961).
4. T. H. Maiman, "Optical and microwave-optical experiments in Ruby", Phys. Rev. Lett. **4**, 564 (1960).
5. N. Bloembergen, "Nonlinear Optics", Benjamin, New York, (1965).
6. A. H. Zewail, "Femtochemistry: Atomic-scale dynamics of the chemical bond using ultrafast lasers (Nobel Lecture)", Angew. Chem. Int. Ed. **39**, 2586 (2000).
7. A. H. Zewail, "Femto-chemistry: atomic scale dynamics of the chemical bond", J. Phys. Chem. A **104**, 5660 (2000).
8. The official webpage of the Nobel Prizes, <https://www.nobelprize.org>
9. Avijit Datta *et al.*, Phys. Rev. A **59**, 4502 (1999); Phys. Rev. A **60**, 1324(1999); Phys. Rev. A **63**, 023410 (2001); Phys. Rev. A **65**, 043404 (2002); J. Chem. Phys. **119**, 2093 (2003); Chem. Phys. **237**, 338 (2007); J. Phys. B: At. Mol. Opt. Phys. **30**, 5737 (1997).
10. Avijit Datta, "Production of excited hydrogen molecule in a two-frequency chirped laser field", J. Eur. Phys. D **71**, 29 (2017).
11. Avijit Datta, "Phase control in coherent population distribution in molecules", Journal of Modern Optics **65:10**, 1180 (2018).
12. P. M. Paul *et al.*, "Observation of a train of atto-second pulses from high harmonic generation", Science **292**, 1689 (2001).
13. M. Hentschel *et al.*, "Atto-second metrology", Nature **414**, 509 (2001).
14. P. B. Corkum and Ferenc Krusz, "Atto-second science", Nature Physics **3**, 381 (2007).
15. X. Xie *et al.*, "Atto-second probe of valance-electron wave packets by sub-cycle laser fields", Phys. Rev. Lett. **108**, 193004 (2012).

## সন্ত কবি কবীর ও বাউল কবি লালন ফকির : তুলনাত্মক অধ্যয়ন

হুসনে বানু ✉

বাংলা বিভাগ, শিবপুর দীনবন্ধু ইনস্টিটিউসান (কলেজ), শিবপুর, হাওড়া- ৭১১১০২

Email: [drhusnebanu@gmail.com](mailto:drhusnebanu@gmail.com)

ভারতবর্ষে এক রহস্যবাদী সাধক সম্প্রদায় অসংখ্য উৎকৃষ্ট আধ্যাত্মিক কাব্য সংগীত রচনা করেছিলেন – সেগুলি কখনো গীতি আকারে, কখনো বা দোঁহা আকারে প্রকাশিত হয়েছে। বিষয়বস্তুর দিক থেকে এই আধ্যাত্মিক কাব্য সংগীত বা দোঁহাগুলি নিঃসন্দেহে উৎকৃষ্ট সৃষ্টি। তবে এর মধ্যে সুফী প্রেমধর্মাদর্শের বিমিশ্রণ ঘটেছে। বৌদ্ধ সহজিয়া, বৈষ্ণব প্রগতিবাদ, জৈনের হিংসা ও সুফীমার্গের সাধনাদর্শের প্রভাব এই সাহিত্যে প্রতিফলিত হয়েছে। এই ধারার দুজন প্রখ্যাত কবি হলেন – সন্ত কবি কবীর ও বাউল কবি লালন ফকির।

কেউ বলেছেন “সন্ত কবীর”, কেউ বা বলেছেন “কবীর সাহব”; আবার কেউ বা শুধুমাত্র “কবীর”। তবে যে নামেই তিনি নামাঙ্কিত হোন না কেন, তাঁর ব্যক্তিত্বপ্রতিরোধ্য আকর্ষণ আর বাণীর রমণীয় সুরেলা টানে তিনি সকলের কাছেই ‘কবি’ হিসাবে পদবাচ্য। তিনি কোনো “রামকাহিনী”ও কাগজে – কলমে বিবৃত করেননি। বলা বাহুল্য, সমস্তই তাঁর মুখনিঃসৃত বাণী। মৌখিক পরম্পরার একজন মানুষ হিসাবে তাঁর কথা -- “মসী কাগজ ছুঁয়ো নহি, কলম গহী নহি হাথ, চারি যুগ কে মহাতম, কবীর মুখহি জনস্নেহ বাত”। বাংলাদেশে অষ্টাদশ –উনবিংশ শতাব্দীতে এমনই একজন বাউল কবির প্রাদুর্ভাব ঘটেছিল। তিনিও বাউলগান রচনা করেছিলেন। একতারা ছিল তাঁর গানের সহচর। বাউল সংগীতকারদের মধ্যে সেই লালন ফকিরের নাম সুবিখ্যাত। তিনিও ‘বাউল শিরোমণি’ আখ্যায় বিভূষিত।

মধ্যযুগীয় অন্য সন্ত কবি ও ভক্ত কবিদের সমানধর্মী কবি কবীরের জীবনবৃত্তান্ত প্রায় অন্ধকারময়। তাঁর জন্ম, মৃত্যু, বাসস্থান, বংশ আর এমনকি যথার্থ নাম সম্বন্ধে অসন্দিগ্ধরূপে কিছু বলা সমীচীন হবে না। বলা বাহুল্য, তিনি ছিলেন সিকন্দর লোধীর সমকালীন। তবে জয়দেব ও নামদেব তাঁর পশ্চাৎবর্তী ছিলেন। আবার সন্ত কবি পীপা শ্রদ্ধার সঙ্গে তাঁর নাম স্মরণ করেছেন। এতে প্রতীয়মান হয়, তিনি সন্ত কবি পীপার অগ্রজ। ‘কবীর চরিত্রবোধ’-এ ১৪৫৫ খ্রীষ্টাব্দের জ্যেষ্ঠ সুদী পূর্ণিমা সোমবারে কবীরের জন্ম –তিথি স্বীকার করা হয়েছে – যার আধারস্বরূপ দোঁহায় আছে – “চৌহদ সী পচপন সাল গএ চন্দ্রপর এক ঠাঠ ঠএ। /জ্যেষ্ঠ সুদী বরসায়ত কো পূরণমাসী প্রগট ভএ।।”- কবীরের জন্ম সম্পর্কিত এই শ্লোক নিয়ে পণ্ডিতমহলে বিতর্কের অন্ত নেই। ড. শ্যামসুন্দর দাস দোঁহাতে ‘গএ’ শব্দের অর্থ ছাড়া ১৪৫৬ খ্রীষ্টাব্দে কবীরের জন্ম সাল উল্লেখ করেছেন। ড. হাজারীপ্রসাদও এই মতকে স্বীকৃতি জানালেও ড. মাতাপ্রসাদ গুপ্তের ন্যায় বিদ্বানেরা ১৪৫৫ খ্রীষ্টাব্দের জ্যেষ্ঠ পূর্ণিমা সোমবার কবীরের জন্মতিথির উল্লেখ করেছেন। তবে এই ১৪৫৫ সালটিকে জন্মসাল হিসাবে গণ্য করা উপযুক্ত ও তর্কসংগত। বাউল কবি লালন ফকিরের জীবনী সম্বন্ধে প্রামাণিক তথ্যবিশেষ কিছুই পাওয়া যায়নি। অনুমিত হয়, ১৭৭৪ খ্রীষ্টাব্দের কাছাকাছি কোনো এক সময়ে তিনি জন্মগ্রহণ করেছিলেন।

কবীরের জন্ম সম্বন্ধে বহু কিংবদন্তীর প্রচলন আছে। কারোর মতে, একজন বিধবা ব্রাহ্মণী লোক – লাজ বশবর্তী হয়ে স্বীয় নবজাত শিশু কবীরকে কাশীর লহরতারা নামক তালাব –এর নিকটবর্তী স্থানে ফেলে দিয়ে আসেন। তাঁকে পালন – পোষণ করে বড় করে তুলেছিলেন নিঃসন্তান জোলা দম্পতি নিরু আর নিমা। তাদের কোনো সন্তান না থাকায় তারা মায়া পরবশ হয়ে ঈশ্বরের দানস্বরূপ শিশুটিকে গ্রহণ করেন। তাদের পরিচয়েই কবীর জোলায় ছেলে হিসাবে পরিচিত হতে থাকেন। তবে এই বিষয়ে একটি গল্পকথা প্রচলিত আছে। সেটি হল— “রামানন্দের শিষ্য অষ্টানন্দ একদিন স্বর্গ থেকে লহর তালাও –এ জ্যোতি নেমে আসতে দেখে। গুরুকে সেকথা

জানালা রামানন্দ এক মহাপুরুষের আবির্ভাবের কথা বলেন। এদিকে জোলা নিরু তার নববিবাহিত বউকে নিয়ে কাশীতে ফিরছিলেন। পথে জল পানের জন্য লহর তলাও –এ নামেন। পুকুরে ফুটে থাকা পদ্মের ভেতর একটি শিশুকে সে ভাসতে দেখে। নিমা শিশুটিকে সেখান থেকে তুলে আনে এবং বাড়িতে নিয়ে যেতে চায়। কিন্তু নিরু রাজি হয় না। নানালোকে নানারকম কথা বলবে, এইসব বিবেচনা করে। কিন্তু শিশুটি নিজেই তাদের সমস্যার সমাধান করে বলে, পূর্বজন্মে তোমরা আমার অনেক সেবা করেছিলে – তাই এজন্মে তোমাদের সন্তান হয়ে মোক্ষলাভের ব্যবস্থা করব। শুধু তাই নয়, পূর্বজন্মে এরা নাকি ব্রাহ্মণ ছিল, কিন্তু ধার্মিক জীবনযাপন না করার দরুন এজন্মে মুসলমান জোলায় ঘরে তাদের জন্ম নিতে হয়েছে—এমন কথাও উল্লেখ করা হয়েছে এখানে। ” ( কবীর – বীজক ও অন্যান্য কবিতা-সংকলন ও অনুবাদঃ রঞ্জন বন্দ্যোপাধ্যায়, পৃষ্ঠা-১৩, সাহিত্য অকাদেমি, ২০০১)। কিন্তু কবীরপন্থীরা একথা স্বীকার করেননি। তাঁদের মতে, অমাবস্যার রাত্রিতে যখন সমগ্র নভোমণ্ডল ঘেরাটোপে মেঘাচ্ছাদিত ছিল; ঘন ঘন বিদ্যুতের ঝলক দেখা দিচ্ছিল, সেই সময়কালীন লহরতারা নামক তলাবে এক কমলের প্রস্ফুটন হয় – তারপর এক জ্যোতিতে তা রূপান্তরিত হয়েছে এবং এই ব্রহ্মস্বরূপ জ্যোতিই হল কবীর। এই সমস্ত কাহিনী কবীরকে অলৌকিক মহত্ত্ব প্রদান করার জন্যই হয়তো প্রতীত হয়েছে। এ সম্পর্কে সমালোচক রঞ্জন বন্দ্যোপাধ্যায় বলেছেন— “ কবীরের নামকরণের সময় কাজি এসে কোরান খুলতেই চারটি শব্দ—কবীর, আকবর, কিবরা, কিবরিয়া—দৃষ্টিগোচর হয়। কোরান বন্ধ করে কাজি যতবারই খোলে ততবারই এক কাণ্ড। তাজ্জব কাজি চলে যায়। কিন্তু আবার একদিন এসে পূর্বঘটনার সম্মুখীন হলে রায় দেয়— একে মেরে ফেলা হোক। নিরু তখন কাজির বিচারে শিশুটিকে মারতে গেলে তার বুক থেকে কোনো রক্তই বেরোয় না, উলটে সে দোহা শুনিতে বলে তার এই দেহ আলোর রক্তমাংসের নয়। তখন কাজি বলে—এর নাম হোক ‘কবীর’ অর্থাৎ মহান। ” (কবীর- বীজক ও অন্যান্য কবিতা-সংকলন ও অনুবাদঃ রঞ্জন বন্দ্যোপাধ্যায়, পৃষ্ঠা- ১, সাহিত্য অকাদেমি, ২০০১)। তবে কোনো সৌভাগ্যবতী মাতা কবীরকে সুনিশ্চিতরূপে জন্ম দিলেও তার লালন – পালন জোলা পরিবারেই সুসম্পন্ন হয়। তিনি যে মুসলমান জোলায় ঘরে জন্মগ্রহণ করেছিলেন, সে বিষয়ে সন্দেহাবকাশ নেই। সমালোচক ক্ষিতিমোহন সেন এ বিষয়ে বলেছেন— “ সন্দেহ নাই যে কবীর মুসলমান জোলায় পুত্র। এই কথাটি গোপন করিবার জন্য ভক্তমাল ও তাহার টীকা হইতে আরম্ভ করিয়া পরবর্তী সব হিন্দু লেখকই প্রভূত চেষ্টা করিয়াছেন। ...যাক সে কথা, দাদুপন্থের নানাগ্রন্থে এবং আরো বহু বহু সাক্ষ্য অনুসারে ইহা স্পষ্ট বুঝা গিয়াছে কবীর ছিলেন মুসলমান জোলায় ছেলে। ঐতিহাসিক আবুল ফজল ও দবিস্তান বলেন, ‘কবীর জোলায় বংশেই জন্মগ্রহণ করিয়াছিলেন।’ তাঁহারা বলেন, ‘ তবু তাঁহাকে ঠিক মুসলমান বলা যায় না, কারণ তিনি মুরহিদ বা ঈশ্বরবিশ্বাসী ভক্ত ছিলেন। ’ ( ভারতীয় মধ্যযুগে সাধনার ধারা, ‘নিবেদন’, পৃষ্ঠা-৬৪, ক্ষিতিমোহন সেন, কলকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৩০)। বাউল কবি লালন ফকিরও ১৭৭৪ খ্রীষ্টাব্দে নদীয়ার অন্তর্গত কুষ্টিয়ার কুমারখালির কাছে ভাঁড়রা গ্রামে জন্মগ্রহণ করেন। তবে বিবাহের পরে তীর্থ যাত্রাকালে পথিমধ্যে বসন্ত রোগাক্রান্ত হলে তাঁর সঙ্গীসাথীরা তাঁকে পরিত্যাগ করে। তখন সিরাজ সাঁই নামক এক মুসলিম দরবেশ তাঁকে সেবা শুশ্রূষার দ্বারা সুস্থ করে তোলেন। এই সিরাজ সাঁই—এর কোনো পুত্র –সন্তানাদি ছিল না। তাই তিনি লালনকে নিজ পুত্রসম পালন করেছিলেন।

কবীরের জীবনসঞ্জাত অন্যান্য তথ্যের ন্যায় তাঁর প্রয়াণ সম্পর্কিত বিষয়ে নানা বিতর্কের সৃষ্টি হয়েছে। পরস্পর বিরোধী বিভিন্ন মতবাদ প্রচারে অবধের রতনপুর, পুরী এবং মগহর – এই তিনটি স্থানের নামোল্লেখ নিয়ে বিভিন্ন প্রসঙ্গ উত্থাপিত হলেও গোরখপুর শহরের সামান্য দূরবর্তী স্থানে অমী নদীর তীরবর্তী বস্তি জেলার অন্তর্গত মগহরে তাঁর মৃত্যু ঘটে। তবে এই মতবাদ বহুদিন ধরেই প্রচলিত। আবুল ফজলের ‘ আইন- ই-আকবরী’-তে (১৫৯৮ খ্রীষ্টাব্দ) রতনপুর এবং পুরী—উভয় ক্ষেত্রেই কবীরের সমাধির কথা উল্লিখিত। যদিও উপযুক্ত প্রামাণ্য্যভাবের দরুন রতনপুর প্রসঙ্গকথা অবিশ্বাস্য হয়ে ওঠে। কিন্তু পুরী স্থানটির ক্ষেত্রে কবীর ব্যতীত শ্রুতিগোপাল দাস, ধর্মদাস প্রমুখের সমাধি থাকার দরুন বিষয়টি প্রশ্নসাপেক্ষ হয়ে ওঠে। তাই সমাধিস্থ বা কবর



প্রাপ্তির সূত্রে এই তিনটি স্থানের মধ্যে কোনো একটি স্থানে তিনি মৃত্যু বরণ করেন। আবার কেউ কেউ এই মতকে অগ্রাহ্য করেছেন। তবে গোরখপুরের নিকটবর্তী মগহরে তাঁর প্রয়াণ ঘটেছিল – এই দাবী অনেক বেশী জোরালো ও শক্তিশালী রূপ পরিগ্রহ করেছে। কবীর পন্থীদের মতে ১৫৭৫ সংবতে (১৫১৮ খ্রীষ্টাব্দ) মাঘ মাসের শুক্লা একাদশী তিথিতে মগহরে সন্ত কবীরের মহাপ্রয়াণ ঘটে—“বীজক’-এ কথিত সেই ‘উষর’ মগহরে মরা গাওে জোয়ার এল। কৃষিনির্ভর শ্রমজীবী মানুষের জীবনে সজল সরল আস্থা এনে তবেই মহাপ্রস্থানের পথে পা বাড়ালেন সন্ত কবীর। দীর্ঘকাল বিশুদ্ধ অমী (অমৃত) নদীও ভক্তির আবেগে কল্লোলিনী।” (কবীর-বীজক ও অন্যান্য কবিতা- সংকলন ও অনুবাদঃ রঞ্জন বন্দ্যোপাধ্যায়, পৃষ্ঠা-২৭, সাহিত্য অকাদেমি, ২০০১)। তবে তাঁর অন্তিম লীলা প্রদর্শনের সময় হিন্দু –মুসলমান উভয় পক্ষের মানুষ জড়ো হয়েছে। এদিকে রাজা বীরসিংহ বঘেল, বিজলী খাঁ ও তাদের লোকলঙ্কার, সৈন্যসামন্তের সঙ্গে সঙ্গে আছে সন্তমণ্ডলী পদ্মনাভ, শ্রুতিগোপাল প্রমুখ শিষ্য এবং তাঁর সমসাময়িক রুইদাস(রবিদাস)। নামসংকীর্তন চলাকালীন তিনি রুইদাসকে বলেছেন, সকলে যাতে শান্ত হয়। এরপর তিনি পর্ণকুটিরে প্রবেশ করে দরজা বন্ধ করে দেন। বাইরে শোকাবুলী জনতা। সমালোচক রঞ্জন বন্দ্যোপাধ্যায়ের মতে- “ অবশেষে শব্দ পাওয়া গেল বন্ধ দরজার ওপার থেকে। রুইদাসের নির্দেশ পেয়ে রাজা বীরসিংহ, শ্রুতিগোপাল এরকম দু-একজন এগিয়ে গেলেন। কিন্তু বাধ সাধল বীজলী খাঁ। কীভাবে সৎকার হবে? দাহ না দাফনা? এই নিয়ে তর্ক, বাদানুবাদ। জন্ম, প্রতিপালন, গুরু –এইসব দেখা দরকার। কোন শিষ্যরা তাঁর সংখ্যায় বেশি – হিন্দু না মুসলমান? হাওয়া ক্রমশঃ গরম হয়ে ওঠে বাদ-প্রতিবাদে। তবে যুদ্ধেই ফয়সালা হোক কে এই মরদেহের অধিকারী?

সব প্রস্তুত। যুদ্ধ শুরু হোক। এমন সময় আকাশবাণী হল—চাদর খুলে দেখ। দেহ নেই। শুধু শুধু লড়াই করে মরবি।

দরজা খুলে দেখা গেল বাস্তবিক তাই। শুধু চাদর আর ফুল পড়ে আছে। দেহ নেই। তাহলে উপায়? বয়োজ্যেষ্ঠ রুইদাসের পরামর্শ অনুযায়ী বীরসিংহ পেল ফুল আর বিজলী খাঁ পেল চাদর। ফুল দাহ করে আর চাদর গোর দিয়ে হল উভয়পক্ষের সৎকার।”(কবীর-বীজক ও অন্যান্য কবিতা- সংকলন ও অনুবাদঃ রঞ্জন বন্দ্যোপাধ্যায়, পৃষ্ঠা-২৭-২৮, সাহিত্য অকাদেমি, ২০০১)। যদিও এই নিয়ে নানা গল্পকথা প্রচলিত। প্রসঙ্গক্রমে ক্ষিতিমোহন সেন মন্তব্য করেছেন-“ এই দেহ লইয়া বিবাদ কেন হইল বুঝা যায় না। কারণ হিন্দু শাস্ত্রানুসারেও তো সাধকের দেহ দাহ করার নিয়ম নেই।” (মধ্যযুগে সাধনার ধারা- ক্ষিতিমোহন সেন, পৃষ্ঠা- ৬৫ , কলকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৩০)।

বাউল কবি লালনের তিরোভাব কাল সম্বন্ধেও বেশ কিছু নির্ভরযোগ্য তথ্য পাওয়া যায়। ১২৯৭ সালে কুষ্টিয়ার লাহিনী পাড়া থেকে ‘হিতকরী’ নামে প্রকাশিত পার্শ্বিক পত্রিকাতে লালনের মৃত্যু সংক্রান্ত একটি তথ্যের প্রকাশ ঘটে। সেখানে উল্লিখিত হয়েছে, ১৭-ই অক্টোবর শুক্রবার লালন দেহত্যাগ করেন। মৃত্যুকালে তিনি ১১৬ বৎসর বয়স্ক ছিলেন। ‘হিতকরী’ পত্রিকার ঐ পুরনো অংশটুকু লালনের আখড়ায় সংরক্ষিত। কিন্তু তারিখের অংশটুকু পরিষ্কারভাবে উল্লেখ নেই। মতিলাল দাস মহাশয় এই অংশটুকু দেখিয়েছিলেন। লালনের মৃত্যু সংবাদ সংবলিত অংশটুকু ১২৯৭ সালের ‘হিতকরী’-রই অংশ, সে বিষয়ে সন্দেহাবকাশ থাকে না। সুতরাং লালনের মৃত্যু সন বাংলা ১২৯৭ সালের ১-লা কার্তিক, ইংরাজী ১৮৯০ খ্রীষ্টাব্দের ১৭-ই অক্টোবর।

কবীরের দীক্ষাগুরু ছিলেন স্বামী রামানন্দ। তা তাঁর কখন থেকেই স্পষ্টায়িত হয়ে ওঠে। কবীরের মতানুসারে, ‘কাশী মে হম প্রগট ভয়ে, রামানন্দ চেতায়ো’- এই বক্তব্যের সমর্থন পাওয়া যায় নাভাদাসের ‘ভক্তিমাল’ কাব্য আর অনন্তদাসের ‘প্রসঙ্গ পারিজাত’ গ্রন্থদ্বয়ে। তবে কোথাও কোথাও কবীরের গুরু হিসেবে রামানন্দের উল্লেখ পাওয়া যায় না। এ বিষয়ে রঞ্জন বন্দ্যোপাধ্যায় বলেছেন—“ কবীর-বচনের প্রাচীন সংকলন-গ্রন্থ হিসেবে শিখদের ‘আদিগ্রন্থ’, রাজস্থানী পরম্পরায় ‘কবীর গ্রন্থাবলী’, ‘কী কবীর-পন্থের ধর্মগ্রন্থ বীজক’—এই তিনটি সংকলনে

কবীরের গুরু হিসেবে রামানন্দের উল্লেখ পাওয়া যায় না। যদিও 'বীজক'-এর 'সবদ'(শব্দ) অধ্যায়ের ৭৭সংখ্যক পদের চতুর্থ দ্বিপদীতে 'রামানন্দ রামরস মাতো। কহৈ কবীর হম কহি কহি থাকে' পাওয়া যায়। কিন্তু তার অর্থ,(বৈষ্ণব)রামানন্দের রামরস পান করে কবীর বার বার ক্লান্ত হয়ে পড়ল না। অন্তত এক্ষেত্রে কবীর-পন্থী পূরণদাসকৃত 'বীজক'-এর টীকার বক্তব্য অনুধাবন করলে তা মনে হয় না। যদিও পূরণদাস আধ্যাত্মিক দৃষ্টিভঙ্গি থেকে জানিয়েছেন, 'বিষয়ানন্দ, জগদানন্দ, যোগানন্দ, গন্ধর্বানন্দ,দৈবানন্দ এবং ত্রিগুণানন্দ—এইসবই যে আনন্দের মধ্যে লয় হয়ে যায়,সেই সর্বোৎকৃষ্ট আনন্দই হল রামানন্দ।' মনে রাখা দরকার কবীর বা তাঁর মতো সন্ত-ভাবান্দোলনের প্রথম দিককার সন্তকবির তাঁদের মানব গুরুর নামোচ্চারণের ক্ষেত্রে যথেষ্ট নীরব ছিলেন।'গুরু' কিংবা 'সদগুরু' বলতে তাঁরা আত্মগম্য পরমগুরু বা শ্রীগুরুর কথাই বলতে চেয়েছেন।"(কবীর-বীজক ও অন্যান্য কবিতা-রঞ্জন বন্দ্যোপাধ্যায়, পৃষ্ঠা-২১, সাহিত্য অকাদেমি, ২০০১)। আবার কিছু পণ্ডিতবর্গ কবীরের গুরু হিসাবে শেখ তকী-র কথা বলেছেন। সমালোচক রঞ্জন বন্দ্যোপাধ্যায় বলেছেন-"রামানন্দ ছাড়াও কবীরের গুরু হিসেবে আরো দু-একজনের নাম পাওয়া যায়। তাঁদের একজন পীতাম্বর পীর,অন্যজন শেখ তকী। পীতাম্বর পীরের বিষয়টি খুব একটা জোরালো সমর্থন না পাওয়ায় মোটামুটি পরিত্যক্ত। কিন্তু শেখ তকীর প্রসঙ্গ, কবীরের গুরু -সংক্রান্ত বা তাঁকে নিয়ে বিভিন্ন কিংবদন্তির সূত্রে ঘুরে ফিরে আলোচনায় উত্থাপিত হয়। এর জন্য মৌলবি গুলাম সরবারের 'খজিনা-উল-অসফিয়া'-র(১৮৬৮খ্রিঃ)ভূমিকাও রয়েছে। এছাড়া 'বীজক'-এর ৪৮সংখ্যক রমৈনীতে এবং ৬৩সংখ্যক রমৈনীর সাথীতে শেখ তকীর উল্লেখের সূত্রেও প্রসঙ্গক্রমে উত্থাপিত হয়ে থাকে।" ( কবীর- বীজক ও অন্যান্য কবিতা- সংকলন ও অনুবাদঃ রঞ্জন বন্দ্যোপাধ্যায়,পৃষ্ঠা-২২, সাহিত্য অকাদেমি, ২০০১)। আবার রামচন্দ্র শুল্ক বলেছেন-" কবীরপন্থ মে মুসলমান ভি হৈ। উনকা কহনা হৈ কি কবীর নে প্রসিদ্ধ সুফী মুসলমান ফকীর শেখ তকী সে দীক্ষা লে থী। বে উস সুফী ফকীর কো হী কবীর কা গুরু মানতে হৈ।"(হিন্দী সাহিত্য কা ইতিহাস- আচার্য রামচন্দ্র শুল্ক, পৃষ্ঠা-৪৯, লোকভারতী প্রকাশন,২০০২,এলাহাবাদ)। আবার বিশপ ওয়েস্টকটের 'কবীর অ্যান্ড দি কবীর পন্থ'-এ (১৯০৭) ঝুঁসির শেখ তকিকে কবীরের গুরু হিসেবে দাবির সূত্রে প্রাচ্য- পাশ্চাত্যের বিভিন্ন মহলেই বিষয়টি বিতর্ক- সাপেক্ষ হয়ে ওঠে। যাইহোক,এই সূত্রে 'বীজক'-এর ৪৮ সংখ্যক রমৈনীতে কবীরের বক্তব্য বা তাঁর বাচন-ভঙ্গি লক্ষ্য করলে শেখ তকীর ক্ষেত্রে তাঁর অন্তরে কতখানি শ্রদ্ধা ছিল তাও প্রশ্নসাপেক্ষ হয়ে ওঠে।"(কবীর-বীজক ও অন্যান্য কবিতা- সংকলন ও অনুবাদঃ রঞ্জন বন্দ্যোপাধ্যায়,পৃষ্ঠা-২২, সাহিত্য অকাদেমি,২০০১)। কিন্তু এই বক্তব্য সর্বত্র অমান্যকর। কারণ কবীর শেখ তকী-র প্রতি কোথাও শ্রদ্ধা প্রদর্শন করেননি। 'সুনহ শেখ তকী তুম'- এই শব্দের মধ্য দিয়েই কঠোরতা আর কর্কশতার বহিঃপ্রকাশ। আর এখানেই গুরুর প্রতি ভক্তি শ্রদ্ধা প্রকটিত হয়নি। অন্যদিকে বাংলার অন্যতম বাউল কবি লালনের দীক্ষাগুরু ছিলেন সিরাজ সাঁই। যে সিরাজ সাঁই তাঁর প্রাণধারণ করেছিলেন। ফলতঃ গোঁড়া হিন্দুসমাজ তাঁর প্রবেশের দ্বার রুদ্ধ করলে তিনি সিরাজের কাছেই ফকিরী ধর্মে দীক্ষা গ্রহণে বাধ্য হন। প্রসঙ্গক্রমে উপেন্দ্রনাথ ভট্টাচার্য বলেছেন -" সিরাজ নামে এক মুসলমান ফকির ও তাঁহার স্ত্রী লালনকে রোগযন্ত্রণায় অজ্ঞান অবস্থায় পথের উপর পড়িয়া থাকিতে দেখেন। তাঁহারা দয়াপরবশ হইয়া লালনকে উঠাইয়া লইয়া সেবা-শুশ্রূষার দ্বারা তাঁহাকে নিরাময় করেন। ঐ রোগে লালনের একটি চক্ষু নষ্ট হইয়া যায়। ঐ ফকিরের কোনো সন্তানাদি ছিল না, তাঁহারা স্বামী-স্ত্রীতে লালনকেই পুত্ররূপে গ্রহণ করেন। লালন তাঁহাদের নিকট সন্তানবৎ প্রতিপালিত হইতে থাকেন এবং শেষে সিরাজের নিকট হইতে ফকিরি-ধর্মে বা বাউল-ধর্মে দীক্ষা গ্রহণ করেন।" ( বাংলার বাউল ও বাউল গান- উপেন্দ্রনাথ ভট্টাচার্য- 'ফকির লালন শাহ',পৃষ্ঠা-৮,ওরিয়েন্টাল বুক কোম্পানি,প্রথম প্রকাশ, দীপান্বিতা,১৩৬৪,কলকাতা )

কবীরের জোলা পরিবারে লালিত – পালিত হবার জন্য বিভিন্ন মন্তব্য করেছেন সমালোচকেরা। সমালোচক রঞ্জন বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেছেন —" শ্রমজীবী সম্প্রদায়ের অন্তর্ভুক্ত কবীর 'কাশীর জোলা' বা কখনো শুধু জোলা হিসেবে একাধিকবার নিজের পরিচয় দিয়েছেন। কিন্তু একবারও নিজেকে মুসলমান বলেননি।" ( কবীর-বীজক

ও অন্যান্য কবিতা- সংকলন ও অনুবাদঃ রঞ্জন বন্দ্যোপাধ্যায়, পৃষ্ঠা-২৫, সাহিত্য অকাদেমি, ২০০১)। এমনকি কবীরের জীবনিত্রে এমন কথাও পাওয়া যায়- “ পূর্ব জনম হম ব্রাহ্মণ হোতে বৌছে করম তপ হীনা।/ রামদেবকী সেবা চুকা, পকরি জুলাহা কীন্হা।।” (২৫০) অর্থাৎ পূর্বজন্মে আমি ব্রাহ্মণ হয়েও তপস্যাহীন ছিলাম, নীচ কর্মে লিপ্ত থেকে রামের সেবা করতে ভুলেছি। তাই আমায় ধরে জোলা করে দিয়েছেন। যদিও এই কথায় কর্মফল ও পুনর্জন্ম-সংক্রান্ত হিন্দুদের ধারণা সক্রিয় রয়েছে। (কবীর-বীজক ও অন্যান্য কবিতা- সংকলন ও অনুবাদঃ রঞ্জন বন্দ্যোপাধ্যায়, পৃষ্ঠা-১৫ সাহিত্য অকাদেমি, ২০০১)। ড. বড়ব্যালের মতে, কবীর মুসলমান হবার পূর্বে যোগীর অনুরাগী ছিলেন। ড. হাজারীপ্রসাদ দ্বিবেদী কবীরকে ‘যুগী’ জাতির সঙ্গে জুড়েছিলেন। এই জাতি হিন্দু জাতির মধ্যে বড় অস্পৃশ্য আর হয় হিসাবে পরিগণিত – এর সম্বন্ধ নাথপন্থী যোগীদের সঙ্গে। পরে তিনি ইসলামধর্মে দীক্ষিত হন। এ সম্পর্কে সমালোচকের মন্তব্য প্রণিধানযোগ্য - “ কবীর যে প্রাচীন ‘কোরী’-দের অন্তর্গত ছিলেন এবং মুসলমান হবার আগে ওই কোরীদের সঙ্গে ‘জোগী’-দের(যোগী) সম্পর্ক ছিল, পীতাম্বরদত্ত বড়থালও তা জানিয়েছিলেন তাঁর ‘যোগ-প্রবাহ’(২০০৩) সংবৎ গ্রন্থে। হাজারীপ্রসাদ দ্বিবেদী ড. বড়থালের সেই বিচারই আরো সবিস্তারে সমর্থন করেন বলে মন্তব্য করেছেন কদারনাথ দ্বিবেদী (কবীর গুর কবীর- পন্থ)। যাইহোক, যোগী বা ‘জোগী’-রা যে আলাদা ছিল হিন্দু ও মুসলমানদের থেকে, সে বিষয়ে কবীরের একটি পদেও উল্লেখ পাওয়া যায়— জোগী গোরখ গোরখ করৈ। হিন্দু রাম রাম উচ্চরৈ। মুসলমান কহৈ এক খুদাই। কবীর কো স্বামী ঘটি ঘটি রহয়ো সমাই। গোরখনাথের নাম নিত যারা তারাই ছিল জোগী বা যোগী। তাহলে, হিন্দু যোগী এবং মুসলমান এরা সব আলাদা।” ( কবীর- বীজক ও অন্যান্য কবিতা- সংকলন ও অনুবাদঃ রঞ্জন বন্দ্যোপাধ্যায়, পৃষ্ঠা-২৭ , সাহিত্য অকাদেমি, ২০০১)। সমালোচক আরো বলেছেন- “উত্তর ভারতে বৈষ্ণব রামানন্দের এবং সেই সময় সুফি সাধকদের প্রভাবের কথা মনে রাখলে, ভক্তি-সাধনমার্গে রামানন্দের পরব্রহ্ম রামের নাম দিয়ে কবীর যে তাঁর চিরসখাকে সুফিদের মতো আত্মধর্মের উদ্বেগে অনুসন্ধান করেছিলেন, এ নিয়ে হয়তো সংশয়ের অবকাশ নেই। তাঁর হৃদয়-নন্দন-বনের নিভৃত নিকেতনে সেই আনন্দমূল পুরুষোত্তমের বন্দনা গাইবার জন্য কণ্ঠী-মালা-তিলক-টুপি এসব তাঁর প্রয়োজন হয়নি। যদিও পরবর্তীকালে নানা কাল্পনিক ছবিতে এসবও তাঁর অঙ্গে জুটেছে। কিন্তু তাঁর শব্দ-গান, মধ্যযুগে উত্তর ও পশ্চিম ভারতে যেসব গৌণ ধর্মমত গড়ে উঠেছিল—প্রত্যক্ষ বা পরোক্ষ অধিকাংশ ক্ষেত্রে তা অনুরণন তুলেছে এবং তার প্রতিধ্বনি আয়তনবান হয়ে ডাক দিয়েছে পরবর্তী পথিকদের।” (কবীর-বীজক ও অন্যান্য কবিতা- সংকলন ও অনুবাদঃ রঞ্জন বন্দ্যোপাধ্যায়, পৃষ্ঠা- ২৩ , সাহিত্য অকাদেমি, ২০০১)। লালন ফকিরও প্রথমে হিন্দু ধর্মে জন্মগ্রহণ করলেও সেই হিন্দু সমাজ ও কুল ত্যাগ করে ফকিরী ধর্মে দীক্ষিত হন। এরপর গুরুর সঙ্গে বিভিন্ন স্থান পরিভ্রমণের পর গুরুর মৃত্যু সংঘটিত হলে আনুমানিক ১২৩০ সালে গোরাই নদীর তীরবর্তী সৈঁউড়িয়া নামক পল্লীতে লালন এসে উপস্থিত হন। দেশের প্রতি একটা অসম্ভব রকম টানানুভবের জন্য তিনি সেখানে একটি স্থায়ী আস্তানা স্থাপন করেন। সেই স্থানে বহু মুসলমান তন্তুবায় (জোলা) সম্প্রদায়ের বাস থাকার দরুণ তিনি এক মুসলমান জোলা রমণীকে নিকা করে তারই বাড়িতে বসতি স্থাপন করেন এবং সেই স্থলই তাঁর আখড়ায় রূপান্তরিত হয়।

সন্ত কবীরের পরমানুরাগী হিসেবে কয়েকজনের নাম পাওয়া যায়। নাভাদাসের ‘ভক্তমাল’ গ্রন্থে যেমন পদ্বনাভ, প্রিয়াদাসের টীকায় তেমনি তত্ত্বা ও জীবার নাম পাওয়া যায়। রাঘবদাসের ‘ভক্তমাল’ গ্রন্থে কমাল, কমালী, পদ্বনাভ, রামকৃপাল, নীর, খীর, জ্ঞানী, ধর্মদাস ও হরদাস—এই ন’জন শিষ্যের নাম পাওয়া গেছে। তবে এঁদের সঙ্গে কবীরের যে গুরু-শিষ্যের সম্পর্ক ছিল তা টীকাকার চতুর্দাসের (আনুমানিক ১৮০০ খ্রীষ্টাব্দ) উক্তি থেকে জানা যায়। তবে কবীর পদের ভিন্ন ভিন্ন শাখা-উপশাখার অভ্যন্তরস্থ কয়েকজনের গুরু-শিষ্য পরম্পরার কথা উল্লিখিত হয়েছে। শ্রুতিগোপাল দাস(কবীর চৌরা, বেনারস), জগদাস(বিদুপূর, বৈশালী), ভগবানদাস গোস্বামী(ভাগতাহী পন্থ, বিহার), ধর্মদাস(ছত্তিসগড়, মধ্যপ্রদেশ), বা লোকমুখে ধরমদাসকে প্রধান শিষ্যস্বরূপ গণ্য করা হয়। এছাড়া বাঘেলখণ্ড রাজ্যের শাসক রাজা বীরসিংহ কবীরকে গুরু বলে মেনেছিলেন। আবার মগহারে কবীরের

প্রয়াণকেন্দ্রিক ঘটনার সূত্রে জনৈক মুসলমান শাসক বিজলী খাঁর নামও পাওয়া গেছে। এরা প্রত্যেকেই কবীরানুরাগী ছিলেন। তবে প্রশ্ন জাগে, যিনি সম্প্রদায় সৃষ্টি ও আচারানুষ্ঠানের বিরোধী ছিলেন, তিনি প্রথাগত শিক্ষায় কি কাউকে দীক্ষিত করতে পারেন? তবে "তাঁর প্রতি আকৃষ্ট হয়ে পরম অনুরাগে হয়তো গুরু হিশেবে কেউ তাঁকে মানতে পারেন। কিন্তু দীক্ষা দিয়ে কাউকে সাক্ষাৎ শিষ্য কি করতেন?" (কবীর- বীজক ও অন্যান্য কবিতা, রঞ্জন বন্দ্যোপাধ্যায়, পৃষ্ঠা-২৪, সাহিত্য অকাদেমি, ২০০১)। লালন সৈঁউড়িয়ায় বসবাস করলেও পাবনা, রাজশাহী, যশোর, ফরিদপুর প্রভৃতি চতুর্পার্শ্ববর্তী অঞ্চলে শিষ্যদের সঙ্গে ভ্রমণের সাথে সাথে নিজ মতামত প্রচার করতেন। সেই সময়কালীন অনেক লোক তাঁর শিষ্যত্ব গ্রহণ করেছিলেন। তন্মধ্যে মুসলমানের সংখ্যা বেশী হলেও হিন্দু সমাজের নিম্নশ্রেণীর লোকও তাঁর শিষ্যত্ব গ্রহণ করেছিল।

কবীর একজন গৃহস্থী ছিলেন। তাঁর স্ত্রী ছিলেন লোই। কিন্তু একজন সমালোচক ডঃ রামকুমার বর্মা তাঁর এক অন্য পত্নীর কথা বলেছেন, যার নাম ধনিয়া বা রমজনিয়া। লালনও বসন্ত রোগাক্রান্ত হলে সিরাজ সাঁই নামক ফকির তাঁর সেবা শুশ্রূষা করলে হিন্দুসমাজ তাঁকে ত্যাগ করার সাথে সাথে তাঁর হিন্দু স্ত্রীও তাঁকে পরিত্যাগ করেছিলেন। পরে ফকিরী ধর্মে দীক্ষিত হয়ে এক মুসলমান রমণীর তিনি দার পরিগ্রহ করেছিলেন।

মধ্যযুগীয় সন্তকবি ও ভক্তকবিদের মধ্যে কবীর সাহিত্যাকাশে এক উজ্জ্বল নক্ষত্র। তিনি একজন পরম সন্তোষী, উদার মনোভাবাপন্ন স্বতন্ত্র প্রকৃতির, নির্ভীক, সত্যবাদী, অহিংসা, সত্য ও প্রেমের পূজারী। তিনি সাত্ত্বিক প্রকৃতির, বাগাডম্বর বিরোধী তথা একজন ক্রান্তিকারী কবি। তিনি একজন মস্ত মৌলা পরোয়াহীন, ফকির ছিলেন। তিনি জন্ম থেকেই বিদ্রোহী। আর তাঁর মধ্যে বর্তমান এক অদম্য সাহস ও অখণ্ড আত্মবিশ্বাস। হিন্দু – মুসলমানের প্রবল রোষ তাঁকে বিন্দুমাত্র বিচলিত করেনি। যোগীর প্রভাবে আহত হননি যেমন, তেমনি সুফী তাঁকে নিজ সম্প্রদায়ের সঙ্গে মেলাতে সমর্থ হয়নি। তিনি সর্বদা কদাচারের বিরোধিতা করেছিলেন। জীবনভর তিনি স্বীয় বাণীতে নেতৃত্ব প্রদান করেছিলেন। বিভিন্ন সামাজিক ব্যবস্থা ও ধার্মিক ব্যবস্থার প্রতি তীব্রতমাঘাত তিনি হেনেছিলেন। ঠিক তেমনি বাংলাদেশে অষ্টাদশ শতাব্দীর শেষ থেকে ঊনবিংশ শতাব্দীর প্রান্তসীমা অবধি বাংলার ব্রাহ্মণ্যনুশাসন ও গৌড়ীয় নৈষ্ঠিক বৈষ্ণবদের গোঁড়ামি চূড়ান্ত শিখরদেশ স্পর্শ করার সাথে সাথে হিন্দুসমাজের উচ্চবর্ণ ও নিম্নবর্ণ – প্রত্যেকের ক্ষেত্রে শাস্ত্রাচারমূলক অন্ধসংস্কার তীব্রাকার ধারণ করেছিল। এমনকি গ্রামীণ সমাজে, মুসলমান বাঙালী সমাজে শরিয়তি অনুশাসন কায়ম করার দারুণ প্রক্রিয়া চলতে থাকে। লালন হিন্দু – মুসলমান সমাজের বিরুদ্ধে প্রতিবাদী মনোভাবাপন্ন হয়ে মানবিক উদারতার মহাদাদর্শের সঙ্গে মরমিয়া সাধনার বিমিশ্রণ ঘটিয়েছিলেন। যার ফলবশতঃ তাঁর সাধন-ভজনে অন্ত্যজ নীচ বাঙালীর নিজস্ব ঘরানার মানবতন্ত্র প্রাধান্য পেতে থাকে।

কবীরের প্রকাশিত রচনা হিসাবে 'বীজক' গ্রন্থ গণ্য। এই গ্রন্থের তিনটি অংশ, যথা – সাথী, সবদ, রমৈনী। কিছু কিছু পণ্ডিতবর্গ কবীরের গ্রন্থ সংখ্যা ৫৭ থেকে ৬১ পর্যন্ত উল্লেখ করেছেন। 'অনুরাগসার', 'উগ্রগীতা', 'নির্ভয় জ্ঞান', 'শব্দাবলী', আর 'রেখতো' ইত্যাদি গ্রন্থ কবীরের বলে মনে করেছেন। কিন্তু প্রামাণ্যস্বরূপ এগুলি গ্রহণযোগ্য বলে মনে করা হয় না। তাঁর কবিতাগুলো মুক্তক হবার জন্য পরবর্তীকালের সন্ত কবিসম্প্রদায় স্বীয় স্বীয় ভঙ্গিমার সাহায্যে সেগুলিকে বিস্তারিত করেছেন। কবি লালনও সিরাজের কাছে সাধনায় সিদ্ধিলাভ করার পর তিনি তাঁর সেই সাধনার ফল জনসাধারণের মধ্যে বিতরণ করেছিলেন। আসলে আর্তসেবা তাঁর জীবনের অন্যতমাদর্শ। কোনো সাম্প্রদায়িক ধর্মে বিশ্বাসী ছিলেন না বলেই সমস্ত ধর্মসম্প্রদায়ের মানুষজন তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছিলেন। তাই ১১৬ বছরের জীবনে তিনি রচনা করেছিলেন অজস্র বাউল সঙ্গীত। ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধে তিনি তাঁর বাউলগানগুলি রচনা করেছিলেন – যা বাংলা সাহিত্য সমাজে এক মূল্যবান আকর হয়ে রয়েছে। অধ্যাপক উপেন্দ্রনাথ ভট্টাচার্যের মতে – "রবীন্দ্রনাথ-সংগৃহীত লালন শাহ ফকিরের কুড়িটি গান সর্বপ্রথম 'প্রবাসী'-র 'হারামণি'-শীর্ষক বিভাগে প্রকাশিত হয় (প্রবাসী, ১৩২২, আশ্বিন-মাঘ সংখ্যা)। ইহার পূর্বে লালনের



দুই-চারিটি গান কোনো কোনো সংগীত-সংগ্রহে স্থান লাভ করিতে পারে, কিন্তু রবীন্দ্রনাথই সর্বপ্রথম অতগুলি গান প্রকাশ করিয়া লালনের প্রতি সকলের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করেন। এই গানগুলি খুব সম্ভব লালনের আখড়ায় রক্ষিত একটি খাতা হইতে নকল করিয়া লওয়া হয়, পরে রবীন্দ্রনাথ শুদ্ধ আকারে সেগুলি প্রকাশ করেন।" (বাংলার বাউল ও বাউল গান, 'ফকির লালন শাহ'; পৃষ্ঠা-১)।

কবীর ও লালন – উভয়েরই জীবনকথা কিছুটা রহস্যবৃত। কেউ বলেছেন তাঁরা হিন্দুধর্মাবলম্বী। কেউ বা বলেছেন মুসলমান সম্প্রদায়ভুক্ত। তবে সমগ্র সাহিত্য-সারস্বত সমাজে কবীর ও লালন – দুজনেই হিন্দু না মুসলমান – তা বলা বাতুলতার সামিল। তবে দুজনেই সংকীর্ণ জাতপাতের উদ্বেগে বিরাজমান। অসাম্প্রদায়িক উদারপন্থী মানবতাবাদ মতাদর্শের জয়ধ্বনি করেছেন দুজনেই জীবনভর তাঁদের কাব্যে। জাতি-ধর্ম নির্বিশেষে মানবিক ঐক্যের বাণী উদগীত হয়েছে তাঁদের কণ্ঠে। তাঁদের কাছে সর্বমানবসত্তা নিগূঢ় তাৎপর্যে এক ও অবিভাজ্য। এঁরা দুজনেই ধর্ম ও জাতিভেদ উপেক্ষা করেছিলেন। তাই তাঁদের কাছে হিন্দু-মুসলমানের ভেদ অনুপস্থিত; ফলতঃ কবীর ও লালন ফকির – উভয়ের মুক্তাঙ্গনে মিলন ঘটেছে উভয় সম্প্রদায়ের মানুষের। প্রসঙ্গক্রমে রবীন্দ্রনাথের মন্তব্য প্রণিধানযোগ্য – "...বাংলা দেশের গ্রামের গভীর চিত্তে উচ্চ সভ্যতার প্রেরণা ইস্কুল কলেজের অগোচরে আপনা আপনি কি রকম কাজ করে এসেছে, হিন্দু – মুসলমানের জন্য এক আসন রচনার চেষ্টা করেছে।"

